**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**
**জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ**
**প্রশাসন-৩ অধিশাখা**
**www.emrd.gov.bd**

**সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত ৩য় প্রান্তিকের সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| **সভাপতি** | : | **জনাব মোঃ আজিজুল ইসলাম**<br>**অতিরিক্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ** |
| **তারিখ** | : | **২৫ মে, ২০২১** |
| **সময়** | : | **বেলা ১২:৩০ টা** |
| **স্থান** | : | **অনলাইন সিস্টেম।** |
| **উপস্থিত সদস্য** | : | **রেকর্ডেড।** |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-৩) জানান যে, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২০-২১ অর্থ-বছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ৩য় ও ৪র্থ প্রান্তিকে একটি করে মোট দুটি সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন করার বাধ্যবাধকতা রয়েছে। সে পরিপ্রেক্ষিতে আজ ৩য় প্রান্তিকের নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী সভা আহবান করা হয়েছে। তিনি সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে নিম্নবর্ণিত পাঁচটি জবাবদিহিমূলক উপকরণ নির্ধারণ করা হয়েছেঃ

(ক) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA);
(খ) জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS);
(গ) অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS);
(ঘ) সেবা প্রদান প্রতিশ্রুতি (CC);
(ঙ) তথ্য অধিকার (RTI);

০২। উপরিল্লিখিত বিষয়সমূহ বাস্তবায়নের ক্ষেত্রে অথবা এ বিভাগ থেকে যে কোনো ধরণের দাপ্তরিক সেবা প্রাপ্তিতে কোনো ধরণের প্রতিবন্ধকতার সম্মুখীন হচ্ছেন কিনা এ বিষয়ে সভাপতি সকলের নিকট জানতে চান। পেট্রোবাংলার পরিচালক (প্রশাসন) বলেন যে, পেট্রোবাংলার ক্ষেত্রে সুশাসনের বিভিন্ন উপরণসমূহ বাস্তবায়নের লক্ষ্যে আওতাধীন কোম্পনীসমূহের ওপর নির্ভর করতে হয়। কিন্তু কাজের প্রতি সকলের সমান আন্তরিকতা ও নিষ্ঠা না থাকায় লক্ষ্যমাত্রা অর্জনে অনেক সময় চ্যালেঞ্জের সম্মুখীন হতে হয়। তাই সরকারি অফিসে সুশাসন প্রতিষ্ঠায় সকলকে সমান আন্তরিকতা নিয়ে কাজ করার বিষয়ে তিনি গুরুত্বারোপ করেন। উপসচিব (প্রশাসন-২) অধিশাখা এপিএ বাস্তবায়নের ক্ষেত্রে যেসব সমস্যার সম্মুখীন হচ্ছেন তা এপিএ-এর বিভিন্ন সূচকওয়ারী সভায় উপস্থাপন করেন।

০৩। সভাপতি বলেন যে, সরকারি অফিসে সুশাসন প্রতিষ্ঠায় সকল কর্মকর্তা/কর্মচারী-কে সমানভাবে নিষ্টা ও আন্তরিকতা নিয়ে কাজ করতে হবে। সকলের সমন্বিত উদ্যোগেই সরকারের গৃহীত সংস্কার কার্যক্রমসমূহ অধিকতর ফলপ্রসূ হবে মর্মে তিনি অভিমত ব্যক্ত করেন।

০৪) বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক) সুশাসন প্রতিষ্ঠায় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত পাঁচটি উপকরণ বাস্তবায়নে এ বিভাগ এবং আওতাধীন সংস্থা সমূহের কর্মপরিকল্পনা প্রণয়নে যেসব লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে সেসব লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ে অর্জনে দায়িত্বপ্রাপ্ত সকলকে সচেষ্ট থাকতে হবে।

খ) এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ কর্তৃক আয়োজিত স্টেক হোল্ডার সভা বা বিভিন্ন গণশুনাতিতে অনলাইন অভিযোগ প্রতিকার ব্যবস্থা, তথ্য অধিকার, সিটিজেন চার্টার ইত্যাদি বিষয়ে জনগণকে জানাতে হবে।

গ) অভ্যন্তরীণ প্রশিক্ষণের অংশ হিসাবে এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীগণ-কে সুশাসনের পাঁচটি উপকরণে প্রশিক্ষণ প্রদানের বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে।

**স্বাক্ষরিত/-**
**২৫/০৫/২০২১**
**(মোঃ আজিজুল ইসলাম)**
অতিরিক্ত সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
www.emrd.gov.bd

নং-২৮.০০.০০০০.০২৮.২৭.০০১.১৮(অংশ-২)-৬০ তারিখ: ১৩ জ্যৈষ্ঠ, ১৪২৮ / ২৭ মে, ২০২১

অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

২৭/০৫/২০২১
(মোছাঃ মোর্শেদা ফেরদৌস)
উপসচিব
ফোন: ৯৫৫১১৪৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) অতিরিক্ত সচিব, অতিরিক্ত সচিবের দপ্তর (প্রশাসন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
২) চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন।
৩) চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)।
৪) মহাপরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।
৫) মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)।
৬) মহাপরিচালক , হাইড্রোকার্বন ইউনিট।
৭) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।
৮) যুগ্মসচিব, অপারেশন অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৯) যুগ্মসচিব, উন্নয়ন অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
১০) যুগ্মসচিব, পরিকল্পনা অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
১১) উপসচিব, উন্নয়ন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
১২) উপসচিব, উন্নয়ন-১ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
১৩) উপসচিব, অপারেশন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
১৪) প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ, প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর।
১৫) উপসচিব, অপারেশন-২ শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
১৬) উপসচিব, প্রশাসন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
১৭) উপসচিব, প্রশাসন-১ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
১৮) সচিব, সচিব-এর দপ্তর, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন।
১৯) উপসচিব, পরিকল্পনা-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
২০) উপসচিব, পরিকল্পনা-১ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
২১) উপসচিব, অপারেশন-১ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
২২) ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
২৩) ব্যবস্থাপনা পরিচালক , বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।
২৪) ব্যবস্থাপনা পরিচালক, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)।
২৫) ব্যবস্থাপনা পরিচালক, পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড।
২৬) ম্যানেজিং ডাইরেক্টর, মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড।
২৭) ব্যবস্থাপনা পরিচালক, যমুনা অয়েল কোম্পানী লিমিটেড।
২৮) সিষ্টেম এনালিষ্ট, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
২৯) প্রোগ্রামার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।